পঞ্চবার্ষিক পরিকল্পনা
অর্থবছর ২০২২-২০২৬

উপজেলা পরিষদ
হারপুর, ঠাকুরগাঁও

প্রধান উপদেষ্টা ঃ

জনাব আলহাজ্ব মোঃ দবিরুল ইসলাম
মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-২।

উপদেষ্টাঃ

মোঃ জিয়াউল হাসান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর ,ঠাকুরগাঁও ।

মো: আব্দুল কাইয়ুম
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও ।

মোছাঃ মোতাহারা পারভীন
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও ।

সম্পাদনায়ঃ

মোঃ আব্দুল করিম
উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর ,ঠাকুরগাঁও ।

সম্পাদনা পরিষদঃ

মোঃ মাসুদার রহমান
উপজেলা প্রকৌশলী, হরিপুর ,ঠাকুরগাঁও।

কারিগরী সহযোগিতায়ঃ

মোঃ আকতারুজ্জামান, ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও ।
মোঃ মইনুল হক, উপ-প্রশাসনি কর্মকর্তা,হরিপুর ,ঠাকুরগাঁও

প্রকাশকাল ঃ

মার্চ ২০২২ খ্রিঃ।

বাণী

আমি অত্যন্ত আনন্দিত যে উপজেলা পরিষদ, হরিপুর পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২২-২০২৬) উপহার দিতে পেরেছে। এর ফলে স্থানীয় পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠা, দারিদ্র্য বিমোচন, স্থানীয় উন্নয়ন ত্বরান্বিতকরণে ও তৃণমূলপর্যায়ে অংশীদারিত্বমূলক গণতন্ত্র প্রতিষ্ঠায় এবং সরকারী নানা সুবিধার সুষম বন্টনের ক্ষেত্রে এই বইটি কার্যকরী ও সহায়ক ভূমিকা রাখবে বলে আমার বিশ্বাস। এছাড়া উপজেলা পরিষদের কার্যক্রমকে আরও গতিশীল ও বেগবান করতে এটি একটি নিয়ামক শক্তি হিসাবে কাজ করবে। উপজেলা তথা তৃণমূল পর্যায়ে উপজেলা পরিষদের আওতাধীন সরকারের বিভিন্ন বিভাগ তাদের নিজ নিজ করণীয় বিষয়ে গুরুত্বারোপ করে জনগণের কাঙ্ক্ষিত সেবা প্রদান করতে সক্ষম হবে।

উপজেলা পরিষদকে তৃণমূল লোকজনের সেবামূলক প্রতিষ্ঠানে গড়ে তুলতে পারাটা স্থানীয় সরকার ব্যবস্থাকে অধিকতর কার্যকর করার শামিল। তাই পরিকল্পনা সম্পর্কিত এই বইটি উপজেলা পরিষদের কার্যক্রমকে গতিশীল রাখতে ও সুদূরপ্রসারী ফলাফল বয়ে আনতে সাহায্য করবে।

এর ফলে হরিপুর উপজেলা পরিষদ তার অগ্রগতির শীর্ষে পৌঁছাবে বলে আমার ধারণা। 'পঞ্চবার্ষিক পরিকল্পনা' হরিপুর উপজেলার সামগ্রিক কার্যক্রমকে সঠিক পথে পরিচালিত করবে এবং জনগণের প্রত্যাশা পূরণে অগ্রণী ভূমিকা পালন করবে।

হরিপুর ঃ মার্চ, ২০২২

মোঃ জিয়াউল হাসান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হরিপুর, ঠাকুরগাঁও

সম্পাদকীয়

হরিপুর উপজেলা ঠাকুরগাঁও জেলার একটি অন্যতম প্রধান উপজেলা। ভৌগোলিক অবস্থান, অর্থনৈতিক কর্মকান্ড এবং জীবনযাত্রার মানেও এই উপজেলা আলোচিত এবং আলোকিত। পঞ্চবার্ষিক পরিকল্পনার মাধ্যমে এই উপজেলার উন্নয়ন কর্মকান্ডে একটি সমন্বয়ের সুযোগ তৈরী হবে বলে আমি বিশ্বাস করি। উপজেলা পরিষদ স্থানীয় সরকার ব্যবস্থায় একটি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান। সরকারী সেবায় আস্থা ফিরিয়ে আনতে সেবা প্রদান প্রক্রিয়া ও ব্যবস্থার গুণগত পরিবর্তন আনা প্রয়োজন। একথা অনস্বীকার্য যে, অংশগ্রহনমূলক, শক্তিশালী, জবাবদিহিতামূলক, নিরপেক্ষ প্রাতিষ্ঠানিক ভিত্তি ব্যতিরেকে উপজেলা পরিষদকে কার্যকরী করা সম্ভপর নয়। সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে জনপ্রতিনিধিদের দীর্ঘমেয়াদের ভিশনই পারে ভবিষ্যতের কাংখিত মাত্রার স্থানীয় সরকার তৈরী করতে।

উপজেলার বিভিন্ন দফতরের কর্মকর্তাদের সমন্বয়ে, তাদের স্বীয় বিভাগসমূহের সম্পাদিত কাজ ও ভবিষ্যৎ পরিকল্পনা এখানে স্থান পেয়েছে। এর পাশাপাশি জাতীয় দীর্ঘমেয়াদী ও স্বল্পমেয়াদী পরিকল্পনা বাস্তবায়নে স্ব-স্ব দফতরের কাজের যোগসূত্র স্থাপিত হয়েছে। ঠাকুরগাঁও সদর উপজেলার স্থানীয় পর্যায়ে সরকারী-বেসরকারী সেবা প্রদানকারী সমুদয় প্রতিষ্ঠান একটি একীভূত সমন্বিত পরিকল্পনার মধ্য দিয়ে সেবা প্রদান অব্যাহত রাখবে বলে আমি মনে করি।

সেবা গ্রহীতার জায়গায় দাঁড়িয়ে সেবা প্রদানের ইতিবাচক মানসিকতাই স্থানীয় সরকার ব্যবস্থার পরিবর্তন আনতে পারে। পরিকল্পনার সাফল্য নির্ভর করে তার সঠিক বাস্তবায়নের উপরে। প্রত্যাশা করি এই উপজেলার সকল পর্যায়ের সরকারী-বেসরকারী কর্মকর্তাগণ এবং জনপ্রতিনিধিগণ দেশের উন্নয়নে এই পরিকল্পনাকে কাজে লাগাতে সচেষ্ট থাকবেন।

এই পরিকল্পনা বইয়ে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য জনপ্রতিনিধিগন, বিভিন্ন সরকারী-বেসরকারী দপ্তর ও তার কর্মকর্তাবৃন্দকে ধন্যবাদ জানাই। সম্পাদকীয় টিম পরিশ্রম করে তথ্য সংগ্রহ করেছেন তাদের প্রতি কৃতজ্ঞতা জানাই।

হরিপুর ঃ মার্চ, ২০২২

মোঃ আব্দুল করিম
উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর ,ঠাকুরগাঁও

বাণী

কিছু কিছু কাজ আমাদের স্বপ্ন দেখায়, নিয়ে যায় বহুদূর। হরিপুর উপজেলা পরিষদ কর্তৃক পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২২-২০২৬) প্রণয়ন এরূপ একটি লক্ষিত উদ্যোগ। আমি এ উদ্যোগের অংশীদার হতে পেরেগর্বিত ।

বর্ণিত বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন স্থানীয় সরকার ব্যবস্থার সক্ষমতা অর্জন ও কাঠামোগতভাবে শক্তিশালী হওয়ার একটি নিদর্শন। ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকারের ভিশন ২০২১, এসডিজি লক্ষ্যমাত্রা ২০৩০ অর্জনের লক্ষ্যে উপজেলা পর্যায়ে এই উদ্যোগ সত্যিই প্রশংসার দাবীদার। এই পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন হরিপুর উপজেলার উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে দৃশ্যমান পরিবর্তন সাধন করবে বলে আমি বিশ্বাস করি।

পঞ্চবার্ষিক পরিকল্পনাটি বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলে এগিয়ে আসবেন এবং হরিপুর উপজেলাবাসীর জীবনমানে কাঙ্খিত উন্নয়ন সাধন হবে বলে প্রত্যাশা করি।

হরিপুর ঃ মার্চ, ২০২২

মো: আব্দুল কাইয়ুম
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হরিপুর, ঠাকুরগাঁও

বাণী

উপজেলা পরিষদকে তৃণমূল লোকজনের সেবামূলক প্রতিষ্ঠানে গড়ে তুলতে পারাটা স্থানীয় সরকার ব্যবস্থাকে অধিকতর কার্যকর করার সামিল। গণতন্ত্রের ভিত্তিমূল স্থানীয় সরকার ব্যবস্থা বেশ কিছু উপাদানের সমষ্টি। আর অর্থনৈতিক রূপরেখা বা পরিকল্পনা হচ্ছে এ সমষ্টিগুলোর অন্যতম একটি ।

আমি জেনে অত্যন্ত আনন্দিত যে হরিপুর উপজেলা পরিষদ পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২২-২০২৬) প্রণয়ণ করে তার মেরুদন্ডকে দাঁড় করালো। এর ফলে হরিপুর উপজেলা পরিষদ তার অগ্রগতির শীর্ষে পৌঁছাবে বলে আমার ধারণা। পঞ্চবার্ষিক পরিকল্পনাহরিপুর উপজেলাকে সঠিক পথে পরিচালিত করবে এবং জনগণের প্রত্যাশা পূরণে অগ্রণী ভূমিকা পালন করবে।

প্রকাশের মহতি এ উদ্যোগকে আমি প্রশংসা করি। একই সাথে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, পরিষদের অন্যান্য সদস্য এবং সকল সরকারি কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

হরিপুর ঃ মার্চ, ২০২২

মোছাঃ মোতাহারা পারভীন
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হরিপুর ,ঠাকুরগাঁও

সূচিপত্র

ক্রম	বিবরণ	পৃষ্ঠা
১.	বাণী	২
২.	ভূমিকা ও প্রেক্ষাপট	৭
	২.১ ।পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্য	৭
	২.২। পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের কর্মপদ্ধতি	৭
	২.৩। পঞ্চবার্ষিক পরিকল্পনার সীমাবদ্ধতা	৭
৩.	উপজেলা পরিচিতি	৯
	৩.১। হরিপুর উপজেলার পটভূমি	৯
	৩.২। হরিপুরউপজেলার ভৌগোলিক পরিচিতি	৯
	৩.৩। যোগাযোগ ব্যবস্থা	৯
	৩.৪। ইউনিয়ন সমূহ	৯
৪.	উপজেলার মানচিত্র	১২
৫.	আর্থ-সামাজিক তথ্য	১৩
৬.	পরিস্থিতি বিশ্লেষণ সারণী	১৪
	৬.১ খাতভিত্তিক পরিস্থিতি বিশ্লেষণ	১৪
	৬.২ উপজেলার এসডব্লিউওটি (SWOT) বিশ্লেষন	১৮
৭.	বাজেটের সার-সংক্ষেপ	১৯
৮.	উপজেলার সম্পদ চিহ্নিতকরন উপজেলার সম্পদ চিত্রায়ন (বিভিন্ন উৎস থেকে উপজেলায় চলমান উন্নয়ন কার্যক্রম)	১৯
৯.	রূপকল্প বিবরণী	২৪
১০.	পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য ও ফলাফল সমূহ	২৪
১১.	পঞ্চবার্ষিক পরিকল্পনার প্ল্যানিং ফরম্যাট	২৭
১২.	পঞ্চবার্ষিক পরিকল্পনার পরিবীক্ষণ ও মূল্যায়ন পরিকল্পনা	৩০
	১২.১পঞ্চ-বার্ষিকপরিকল্পনারবার্ষিকপরিবীক্ষণপ্রতিবেদন	৩১

২.১। ভূমিকা ও প্রেক্ষাপট:

বর্তমান ও ভবিষ্যত কর্মকান্ডের মধ্যে সেতু বন্ধন সৃষ্টি করার নামই পরিকল্পনা। দেশের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত কল্পে পরিকল্পনা করা হয়। বাংলাদেশের প্রধান প্রধান উন্নয়ন পরিকল্পনা, পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং স্থানীয় পর্যায়ে পরিকল্পনা কৌশলগতভাবে বিশেষ গুরুত্ব পেয়ে থাকে। এ কারনেই উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (২০০৯ ও ২০১১ সালে সংশোধিত) এ দেশের উপজেলা সমূহের জন্য একটি বার্ষিক এবং পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন বাধ্যতামূলক করা হয়েছে। মূলত পরিকল্পনা একটি নির্দিষ্ট কালের জন্য করা হয়। কোন দায়িত্বগুলো কখন করা হবে তা নির্ধারন করার সুবিধার্থে এটা করা বিশেষ প্রয়োজন। পরিকল্পনা প্রনয়নের শুরুতেই নির্ধারিত দায় দায়িত্বের মধ্যে কোন কাজ কোন সময়ে করা হবে বা অগ্রাধিকার প্রাপ্ত হবে তা সুনির্দিষ্ট করে দিলে কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে বিশেষ সুবিধা হয়। পরিকল্পনা প্রণয়নে স্থানীয় ফলাফল অর্জনের দিকে গুরুত্ব আরোপ করা এবং নিম্ন-উর্ধমূখী (bottom up approace) পদ্ধতি অনুসরন করলে প্রত্যাশিত উন্নয়ন তরান্বিত হয়। পরিকল্পনার অন্যতম প্রধান বিষয়বস্তুর মধ্যে একটি হচ্ছে সম্পদের সুষ্ঠ ব্যবহার নিশ্চিত করা। এসকল বিষয়ের প্রতি লক্ষ্য রেখে ২০২২-২০২৬ অর্থ বছরে হরিপুরউপজেলা খাতভিত্তিক পরিকল্পনার লক্ষ্যমাত্রার সাথে সামঞ্জস্য রেখে সংশ্লিষ্ট সকল উন্নয়ন খাতকে বিবেচনাপূর্বক স্থানীয় পর্যায়ে পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের পদক্ষেপ গ্রহণ করেছে।

২.২ পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্য:

হরিপুরউপজেলা, ঠাকুরগাঁওজেলার একটি বৃহৎ জনবহুল ও সম্ভাবনাময় উপজেলা। এখানকার জনগনের রয়েছে উন্নয়নে অংশগ্রহনের ইচ্ছা। একই সাথে রয়েছে বিভিন্ন সম্পদ এবং সম্ভাবনা। বাংলাদেশের প্রায় এক তৃতীয়াংশ মানুষ দারিদ্র সীমার নীচে দিনযাপন করছে। কিন্তু জীবনের মৌলিক সুযোগ সুবিধায় এদের প্রবেশাধিকার সীমিত। উপজেলা পরিষদের জনসাধারনের অবস্থাও সারা দেশের জনসাধারনের অবস্থা হতে ভিন্নতর নয়। অত্র এলাকার জনগনের দারিদ্র হ্রাসকরনের মাধ্যমে জীবন যাত্রার মান উন্নয়নের লক্ষ্যে সুষ্ঠু পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। হরিপুরউপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনার মূল উদ্দেশ্য হচ্ছে হরিপুরউপজেলা পরিষদের নিজস্ব সম্পদ এবং সরকারি ও বেসরকারিভাবে উপজেলার বরাদ্দকৃত অর্থ জনগণের চাহিদা অনুসারে এবং প্রাধিকারের ভিত্তিতে সমন্বিত উপায়ে ব্যবহারের মাধ্যমে সম্পদের সর্বোচ্চ ফলাফল নিশ্চিত করা। পঞ্চবার্ষিক পরিকল্পনার সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

- জনপ্রতিনিধিদের অংশগ্রহনে এলাকার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে ঠাকুরগাঁওসদর উপজেলা পরিষদের জবাবদিহিতা নিশ্চিতকরণ ও পরিষদের দক্ষতা বৃদ্ধি;
- সর্বস্তরের জনসাধারনের মৌলিক চাহিদা পূরণের লক্ষ্যে ইউনিয়নগুলোর পরিকল্পিত উন্নয়ন সাধন;
- আপামর জনগনের চাহিদা মোতাবেক সেবা সরবরাহ নিশ্চিতকরনের লক্ষ্যে জাতিগঠনমূলক প্রতিষ্ঠানসমূহের সাথে উপজেলা পরিষদের অংশীদারিত্ব সৃষ্টি করা;
- পরিকল্পিত সেবা ও সহযোগিতা প্রদানের মাধ্যমে এলাকার যোগাযোগ ও স্থৌত অবকাঠামো, শিক্ষা, কৃষি, স্বাস্থ্য ও স্যানিটেশন ও কর্মসংস্থাননিশ্চিত করা;
- প্রতিটি ইউনিয়নের মধ্যে আন্তঃযোগাযোগ বৃদ্ধি এবং বিভিন্ন ইউনিয়নের সাথে উন্নত যোগাযোগ ব্যবস্থা নিশ্চিতকরন।

২.৩ পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের কর্মপদ্ধতি:

হরিপুর উপজেলার পরিকল্পনা বইটি প্রস্তুত করার জন্য উপজেলা পরিষদের সকল স্তরের সদস্যদের সমন্বয়ে বেশ কয়েক বার আলোচনা ও পর্যালোচনা করা হয়। তৃণমূল পর্যায়ের নির্বাচিত প্রতিনিধি যাঁরা জনগণের সর্বপ্রকার চাহিদা অভাব-অভিযোগ, প্রয়োজন-অপ্রয়োজন সব কিছু ওয়াকিবহাল, তাঁদের অভিমত এবং সরকারের বিভিন্ন মন্ত্রনালয়ের বিভিন্ন অধিদপ্তরে কর্মরত (বিশেষ করে উপজেলা পরিষদে ন্যস্তকৃত) অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তা-কর্মচারীদের অভিজ্ঞতা ও বিষয়ভিত্তিক জ্ঞানের সমন্বয় ঘটিয়ে পঞ্চবার্ষিক পরিকল্পনাটি প্রস্তুত করা হয়।

পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ার কতেক ধাপ অনুসরণ করার মধ্য দিয়ে ঠাকুরগাঁওসদর উপজেলা পরিষদ পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করতে সক্ষম হয়েছে ঃ
প্রথমতঃ পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের জন্য কর্মশালা অনুষ্ঠানের মধ্যদিয়ে পরিষদের সভার অনুমোদন সাপেক্ষে উপজেলা পরিষদ উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে দক্ষ ও যোগ্য কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের নিয়ে একটি পরিকল্পনা বিষয়ক কারিগরি কমিটি গঠন করা হয়েছে।

দ্বিতীয়তঃ পরিকল্পনা বিষয়ক কারিগরি কমিটিতে সম্পদের উৎস এবং অর্থপ্রবাহ পর্যালোচনা করা হয়েছে। পরবর্তীতে এ কমিটি পরিষদে ন্যস্ত বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সংশ্লিষ্ট স্থায়ী কমিটিসমূহের তথ্য ও পরামর্শ নিয়ে একটি সম্পদ মানচিত্র তৈরি করেছে, যা পরিষদের খসড়া সমন্বিত পরিকল্পনা এবং সম্ভাব্য বাজেট তৈরিতে সহায়তা করেছে।

তৃতীয়তঃ উপজেলা পরিষদ স্ট্যান্ডিং কমিটিকে সক্রিয় ও সরকারি জনবলকে দায়িত্বশীল করে অংশগ্রহণমূলক আলোচনার মাধ্যমে খাতভিত্তিক সমস্যা চিহ্নিতকরণ ও চাহিদা নিরূপন করা হয়েছে। অতঃপর পরিকল্পনা বিষয়ক কারিগরী কমিটি উপজেলার স্থায়ী কমিটি, ইউনিয়ন পরিষদ ও অন্যান্য ব্যক্তিবর্গদের নিকট থেকে চাহিদা/প্রস্তাবনা সংগ্রহ করে এবং পরবর্তীতে সেগুলো নিয়ে একটি সমন্বিত খসড়া পরিকল্পনা তৈরি করা হয়েছে।

চতুর্থতঃ পরিকল্পনা বিষয়ক কারিগরি কমিটি ও অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটি বিস্তারিত আলোচনার জন্য খসড়া পরিকল্পনাটি পরিষদের বিশেষ সভায় উপস্থাপন করেছে। অতঃপর উপজেলা পরিষদ খসড়া পরিকল্পনাটি নিয়ে পুনরায় আলোচনা করার জন্য উপজেলা পরিষদের সদস্য, সরকারি, বেসরকারি ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের আহবান করেছেন। সভায় অংশগ্রহনকারীগণ খসড়া পরিকল্পনাটি শুনেছেন এবং পুনরায় তাদের মতামত জানিয়েছেন। সবশেষে উপজেলা পরিষদ পরিকল্পনাটি চুড়ান্ত অনুমোদন প্রদান করেছেন।

২.৪ পঞ্চবার্ষিক পরিকল্পনার সীমাবদ্ধতা

উপজেলারপঞ্চবার্ষিক পরিকল্পনা হিসেবে এ পরিকল্পনার কিছু সীমাবদ্ধতা রয়েছে। এগুলো নিম্নরূপঃ উপজেলা পর্যায়ে বিভিন্ন সেক্টরের তথ্য ঘাটতি রয়েছে বিধায় সংশিষ্ট সেক্টরের বর্তমান অবস্থা বিশ্লেষণ করে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা কষ্টকর। উপজেলা পর্যায়ে পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের অভিজ্ঞতা না থাকার ফলে প্রাথমিক পর্যায়ে বিভিন্ন বিভাগের (সরকারি/বেসরকারি) কর্মকর্তাদের মনে সংশয় পরিলক্ষিত হয়েছে। এ কারণে পরিকল্পনা প্রণয়নে কিছুটা সীমাবদ্ধতা থেকে গেছে।

৩. উপজেলা পরিচিতি

৩.১ **।হরিপুর উপজেলার পটভূমি ঃ** রাণীশংকৈল থানা থেকে বিচ্ছিন্ন হয়ে জন্ম নেয়া হরিপুর উপজেলা /১৯০৯ সালে জন্ম নেয়া হরিপুর থানা প্রাকৃতিক সৌন্দর্য মন্ডিত একটি জনপদ। মাত্র ৭৬ বর্গ মাইল আয়তন বিশিষ্ট উপজেলাটি পূর্বে ও পশ্চিমে দুই উপনদী কুলিক ও নাগরের মেখলা বেষ্টিত এবং ভূতাত্তিক উৎপত্তি ও গুণাগুণের নিরীখে তিস্তার পলি অঞ্চল হিসেবে পরিগণিত হলেও বিহারের শুষ্ক মরু অঞ্চলের সঙ্গে এর ভু-প্রাকৃতিক সাদৃশ্য চমকপ্রদ। হরিপুরের মাটি অধিকাংশ স্থানেই বেলে এবং দো-আঁশ। আবহাওয়া নাতিশীতোষ্ণ। বনাঞ্চল নেই বলে বৃষ্টিপাত স্বল্প। ১৯৮৩ সালে হরিপুর থানা হরিপুর উপজেলায় রুপান্তরিত হয়।

৩.২। **হরিপুর উপজেলার ভৌগোলিক পরিচিতি ঃ** হরিপুর উপজেলা পরিষদ হতে প্রায় কোয়াটার কিলোমিটার দূরে ০৫ নং হরিপুর ইউনিয়ন পরিষদ অবস্থিত। ইউনিয়নের পূর্বে ভারত সীমান্ত ও পশ্চিমে ভারত সীমান্ত রয়েছে এবং উত্তরে ভাতুরিয়া/ডাঙ্গীপাড়া ইউনিয়ন ও দক্ষিণে ভারত সীমান্ত রয়েছে।

৩.৩। **যোগাযোগ ব্যবস্থা ঃ** ঢাকা হতে হরিপুর উপজেলার দূরত্ব সড়ক পথে ৩৮০ কিঃ মিঃ। পার্শ্ববর্তী উপজেলা সদর ও জেলা সদরসমূহের সাথে উন্নত সড়ক যোগাযোগ ব্যবস্থা বিদ্যমান। যে কোনো স্থান হতে সড়ক বাস স্ট্যান্ড নেমে রিক্সা অথবা অটোরিক্সা যোগে ০.৫ কিঃমিঃ পথ অতিক্রম করে হরিপুর উপজেলা অফিসে আসা যায়।

উপজেলা হতে প্রতিটি ইউনিয়নে পাকা সড়কযোগে মাইক্রো বাস,অটো রিক্সা, নছিমন, ভ্যান, সাইকেল, মোটরসাইকেলযোগে যাওয়া যায়।

৩.৪। ইউনিয়ন সমূহঃ হরিপুর উপজেলা ৬ টি ইউনিয়ন নিয়ে গঠিত। ইউনিয়ন সমূহ হলো- ১) গোদুড়া ইউনিয়ন ২) আমগাঁও ইউনিয়ন৩) বকুয়া ইউনিয়ন ৪) ডাঙ্গীপাড়া ইউনিয়ন ৫) হরিপুর ইউনিয়ন ৬) ভাতুরিয়া ইউনিয়ন

গোদুড়া ইউনিয়নঃ ইউনিয়ন হরিপুর উপজেলা পরিষদ হতে ১৫ মি:উত্তরে মুন্নাটলী বাজার সংলগ্ন। উত্তরে ১নং ধর্মগড় ইউনিয়ন পরিষদ। দক্ষিনে ২নং আমগাঁও ইউনিয়ন পরিষদ। পূর্ব ৮নং নন্দুয়াড় ইউনিয়ন পরিষদ। পশ্চিমে ভারত সিমান্ত। মোট গ্রাম/পাড়া ৭৮টি। মোট জনসংখ্যা ৩২,০২৭জন।

আমগাঁও ইউনিয়নঃ আয়তন ১১.৫৩বর্গকিলোমিটার, লোক সংখ্যা ২৭২৩৪ জন, গ্রামের সংখ্যা ১২ টি। হাটবাজারের সংখ্যা ০৪ টি, চৌরঙ্গী বাজার, মুন্সিগনজ হাট।উপজেলা সদর থেকে যোগাযোগের মাধ্যমে বাস, সি এন জি, মাইক্রোবাস, ট্যাম্পু ইত্যাদি।

বকুয়াইউনিয়ন ঃ পূর্বে-ডাংগীপাড়া ও আমগাঁও ইউপি উত্তর ও পশ্চিমে- আমগাঁও ইউপি ও ভারত,দক্ষিণে-ডাংগীপাড়া ইউপি। জেলা সদর হতে দূরত্ব ৬৫কিলোমিটার। আয়তন ৩৬.২৬বর্গকিলোমিটার।জনসংখ্যা ২৭,৫৯০জন।

ডাঙ্গীপাড়া ইউনিয়নকালের স্বাক্ষীবহনকারী নাপয় নদীর তীরে গড়ে উঠা হরিপুর উপজেলারঐতিহ্যবাহী অঞ্চল হলো ডাঙ্গীপাড়া ইউনিয়ন।কালপরিক্রমায় আজ ডাঙ্গীপাড়াইউনিয়ন শিক্ষা, সাংস্কৃতি, ধর্মীয় অনুষ্ঠান খেলাধুলা সহ বিভিন্নক্ষেত্রে তারনিস্বস্ব স্বতন্ত্রীয়তা আজও সমুজ্জল।

হরিপুর ইউনিয়নহরিপুর উপজেলা পরিষদ হতে প্রায় কোয়াটার কিলোমিটার দূরে ০৫ নং হরিপুর ইউনিয়ন পরিষদ অবস্থিত। ইউনিয়নের পূর্বে ভারত সীমান্ত ও পশ্চিমে ভারত সীমান্ত রয়েছে এবং উত্তরে ডাঙ্গীপাড়া ইউনিয়ন ও দক্ষিণে ভারত সীমান্ত রয়েছে।

ভাতুরিয়া ইউনিয়নস্ব কালের সাক্ষী বহন কারী টেংরিয়া মোজা হয়ে চাকদহ গোপালা পুর মোজার পাস দিয়ে বয়ে যাওয়া কুলিক নদীর তীর ঘেষে রাজা গনেশের আবাস স্থল ভাতুরিয়া গ্রামের নাম অনুসারে ১৯৭৩ সালে হরিপুর উপজেলা জীবনপুর ইউনিয়ন পরিষদ বিভক্ত হয়ে ৬নং ভাতুরিয়া ইউনিয়ন পরিষদ গঠিত হয়।

৪. হরিপুরউপজেলার মানচিত্র ঃ



৫. আর্থ-সামাজিক তথ্য ও উপাত্ত, জনসংখ্যা ও অবকাঠামো

পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রনয়নের ক্ষেত্রে উপজেলা পরিষদের আর্থ-সামাজিক মৌলিক তথ্য উপাত্ত বিবেচনায় নেয়া অত্যন্ত জরুরী। উপজেলার বিভিন্ন খাতের মৌলিক তথ্য উপাত্তকে ভিত্তি ধরে পরবর্তী পরিকল্পনার লক্ষ্য নির্ধারন সহজ হয়। বিভিন্ন সরকারী ও বেসরকারী সংস্থার তথ্য ও রিপোর্টের আলোকে হরিপুর উপজেলার মৌলিক আর্থ-সামাজিক তথ্য উপাত্ত নিম্নে তুলে ধরা হলো।

আয়তন	২০১.০৬ বর্গ কিলোমিটার	জেলা আদম শুমারি ২০১১
জনসংখ্যা	১,৪৬,৭২৬জন (পুরুষ- ৭৩,৫২০ জন, মহিলা- ৭৩,২০৬ জন)	জেলা আদম শুমারি ২০১১
খানা/ পরিবার	৩২৪৭৫টি	জেলা আদম শুমারি ২০১১
ভোটার সংখ্যা	৯০,২১২জন	জেলা আদম শুমারি ২০১১
জনসংখ্যার ঘনত্ব	৬৩৮ জন/প্রতি বর্গ কিলোমিটার	জেলা আদম শুমারি ২০১১
ডাকবাংলো সংখ্যা	১ টি	জেলা আদম শুমারি ২০১১
ইউনিয়নের সংখ্যা	৬টি	জেলা আদম শুমারি ২০১১
গ্রামের সংখ্যা	১৮৯ টি।	জেলা আদম শুমারি ২০১১
মৌজা সংখ্যা	৭২ টি।	জেলা আদম শুমারি ২০১১
হাট-বাজার	১২টি	উপজেলা নির্বাহী কর্মকর্তার অফিস, ২০২২ সাল পর্যন্ত
নদ-নদী	২টি	উপজেলা মৎস্য অফিস, ২০২২ সাল পর্যন্ত
খাল	১২টি	উপজেলা মৎস্য অফিস, ২০২২ সাল পর্যন্ত
পুকুর, দিঘী ও বাণিজ্যিক মৎস্য খামার	১৬৩২ টি	উপজেলা মৎস্য অফিস, ২০২২ সাল পর্যন্ত
উপজেলা প্রাণী হাসপাতাল	১টি	উপজেলা প্রাণিসম্পদ অফিস, ২০২২ সাল পর্যন্ত পর্যন্ত
কৃত্রিম প্রজনন উপকেন্দ্র	১টি	উপজেলা প্রাণিসম্পদ অফিস, ২০২২ সাল পর্যন্ত
প্রাণিসম্পদ কল্যান কেন্দ্র	৩টি	উপজেলা প্রাণিসম্পদ অফিস, ২০২২ সাল পর্যন্ত
হাসপাতাল	১টি	উপজেলা স্বাস্থ্য ও প.প. অফিস, ২০২২ সাল পর্যন্ত
ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র	৭টি	উপজেলা স্বাস্থ্য ও প.প. অফিস, ২০২২ সাল পর্যন্ত
কমিউনিটি ক্লিনিক	১৪ টি	উপজেলা স্বাস্থ্য ও প.প. অফিস, ২০২২ সাল পর্যন্ত
ব্যাংকের শাখা	৫টি	উপজেলা নির্বাহী কর্মকর্তার অফিস, ২০২২ সাল পর্যন্ত
ডাকঘর	৬টি	উপজেলা নির্বাহী কর্মকর্তার অফিস, ২০২২ সাল পর্যন্ত
প্রাথমিক বিদ্যালয়	৩৮টি	উপজেলা শিক্ষা অফিস, ২০২২ সাল পর্যন্ত
মাধ্যমিক বিদ্যালয়	১১ টি	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ২০২২ সাল পর্যন্ত
কলেজ	১টি	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ২০২২ সাল পর্যন্ত
মাদ্রাসা	১৫টি	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ২০২২ সাল পর্যন্ত
মসজিদ	২৬৫টি	উপজেলা নির্বাহী কর্মকর্তার অফিস, ২০২২ সাল পর্যন্ত

মন্দির	১৮টি	উপজেলা নির্বাহী কর্মকর্তার অফিস, ২০২২ সাল পর্যন্ত
কৃষি আবাদি জমি	৪৪,৫৯১ হেক্টর	উপজেলা কৃষি অফিস, ২০২২ সাল পর্যন্ত
গুরুত্বপূর্ণ আর্থ-সামাজিক তথ্য		
মাথাপিছু দারিদ্র্যের হার (%) (এসডিজি- ১)	৩০%	
কম ওজনের শিশুর হার (%) (এসডিজি- ২)	২৫%	
শিক্ষার হার: প্রাথমিক সমাপ্ত (১৮ বছর বা অধিক বয়সী) (%) (এসডিজি ৪)	৪৫ % (২০১১ আদমশুমারী)	

৬. পরিস্থিতি বিশ্লেষণ সারণী

৬.১ খাতভিত্তিক পরিস্থিতি বিশ্লেষণ

পরিকল্পনা প্রনয়নের সময় উপজেলার আওতাধীন বিভিন্ন খাতসমূহের বাস্তব অবস্থা জানা অত্যন্ত প্রয়োজনীয়। এর ফলে উপজেলা পরিষদ তাদের আর্থিক সক্ষমতার আলোকে গুরুত্বপূর্ণ খাতসমূহকে অগ্রাধিকার দিয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সক্ষম হবে। খাতভিত্তিক পরিস্থিতি বিশ্লেষণের ক্ষেত্রে জাতীয় উন্নয়ন পরিকল্পনা, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ, এনজিও সমূহ, বেসরকারী খাত ও অন্যান্য উৎসের চলমান বা পরিকল্পনাধীন উন্নয়ন কার্যক্রমসমূহকেবিবেচনায় নেয়া হয়েছে। হরিপুরউপজেলার বিভিন্ন খাতের সার্বিক অবস্থার চিত্রায়ন নিম্নের ছকে তুলে ধরা হলো।

[illegible]	[illegible]	সমস্যাসমূহের বিবরণ				[illegible], চলমান বা [illegible]	১ বছর পর পরিস্থিতির বিবরণ	[illegible]
		[illegible]	পরিমাণ/ ব্যাপ্তি	[illegible]				
১. যোগাযোগ ও ভৌত অবকাঠামো		১) স্থানীয় জনগনের স্কুল এবং বাজারে যাতায়াতে অসুবিধা	সমগ্র উপজেলা	-মোট ২০০ কি.মি দৈর্ঘ্যের ৭০ টি পাকা রাস্তা -মোট ৩৮০ কি.মি দৈর্ঘ্যের ১৫৭ টি কাঁচা রাস্তা - ১০ টি ব্রীজ, ২৫০ টি কালভার্ট এবং ১২০ কি.মি ড্রেনেজ লাইন ও গাইডওয়াল - ২০০ টি ভৌত অবকাঠামো	১) পাকা রাস্তাগুলো নিয়মিত মেরামত না করার কারণে ব্যবহারের অনুপযোগী হওয়া ২) কাঁচা রাস্তা থেকে মাটি সরে গিয়ে রাস্তা সরু হয়ে যায়। ৩. পর্যাপ্ত সংখ্যক ব্রীজ, কালভার্ট, ড্রেনেজ লাইন ও গাইডওয়ালের অভাব ৪. পর্যাপ্ত ভৌত অবকাঠামোর অভাব	ক) এলজিইডির অর্থায়নে মোট ১৫০ কি.মি দৈর্ঘ্যের ৬৫ টি পাকা রাস্তা সংস্কার করা হবে। খ) এলজিইডি অর্থায়নে ১৫০ কি.মি দৈর্ঘ্যের ৮০ টি কাঁচা রাস্তা পাকা করা হবে এবং জেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের অর্থায়নে মোট ৫০ কি.মি দৈর্ঘ্যের ২০ টি কাঁচা রাস্তা ইট সলিং করা হবে। গ) এলজিইডির ও পিআইও'র উদ্যোগে ৫ টি ব্রীজ, ১৯০ টি কালভার্ট এবং পৌরসভার অর্থায়নে ৩০ কিমি. ড্রেনেজ লাইন ও গাইডওয়াল	ক) মোট ১৮ কি.মি দৈর্ঘ্যের ৫ টি পাকা রাস্তা সংস্কারের বাকী থাকবে খ) ১৮০ কি.মি দৈর্ঘ্যের ৫৭ টি কাঁচা রাস্তা পাকা করা বাকী থাকবে গ) ৫ টি ব্রীজ, ৪০ টি কালভার্ট এবং ৯০ কি.মি ড্রেনেজ লাইন ও গাইডওয়াল নির্মাণ বাকী থাকবে ঘ) ৫০ টি ভৌত অবকাঠামো নির্মাণ বাকী	ক) কোন উদ্যোগ নেয়া হবে না খ) উপজেলা পরিষদ ৩২ কি.মি দৈর্ঘ্য বিশিষ্ট ১৫ টি কাঁচা রাস্তাকে ইট সলিংয়ে উন্নীত করবে। গ) উপজেলা পরিষদ ৪ কি.মি ড্রেনেজ লাইন ও নির্মাণ করবে। ঘ) উপজেলা পরিষদ ১০ টি ভৌত অবকাঠামো

					নির্মাণ করা হবে। ঘ) এলজিইডির ও পিআইওর উদ্যোগে ১০০ টি ভৌত অবকাঠামো নির্মাণ করবে।	থাকবে। ঙ) আকস্মিক ক্ষতিগ্রস্থ রাস্তা কালভার্ট সংস্কার বাকী থাকবে	নির্মাণ করবে। ঙ) ৪ কি.মি দৈর্ঘ্য বিশিষ্ট ২ টি কাঁচা রাস্তাকে হেরিং-বালি দ্বারা সংস্কার করবে।
২. কৃষি	শস্য উৎপাদন কাঙ্ক্ষিত পরিমাণে না হবার কারণে কৃষকরা ক্ষতিগ্রস্থ হচ্ছে	সমগ্র উপজেলা	- ১০,০০০ কৃষক পরিবার ও ২৩,৫৭০ হেক্টর আবাদী জমি - ২০,১১৫ টি ভূমিহীন ও প্রান্তিক কৃষক পরিবার যারা কৃষি উপকরণ কিনতে অসামর্থ	১) কৃষিতে আধুনিক যন্ত্রপাতি ও প্রয়োজনীয় জ্ঞান না থাকা ২) দরিদ্র কৃষক যারা প্রয়োজনীয় কৃষি বীজ, সার ও উপকরণ কিনতে অসামর্থ	ক) কৃষি বিভাগ আধুনিক যন্ত্রপাতি ও শস্য বহুমুখীকরণ বিষয়ে প্রতিবছর ১০০০ জন এবং ৫ বছরে মোট ৫০০০ কৃষককে প্রশিক্ষণ প্রদান করবে। খ) কৃষি বিভাগ প্রতিবছর ১০,০০০ জন ভূমিহীন ও প্রান্তিক কৃষকের মাঝে কৃষি উপকরণ (বীজ, সার ইত্যাদি) বিতরণ করবে।	ক) ৫০০০ সাধারণ কৃষক ট্রেনিংয়ের আওতার বাহিরে থাকবে। খ) প্রতিবছর ১০০০০ জন ভূমিহীন ও প্রান্তিক কৃষক প্রয়োজনীয় কৃষি উপকরণ (বীজ, সার ইত্যাদি) প্রাপ্তি থেকে বঞ্চিত থাকবে।	ক) উপজেলা পরিষদ ২ টি প্রশিক্ষণের মাধ্যমে ৬০০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান করবে। খ) উপজেলা পরিষদ ২০ জন দরিদ্র কৃষকের মাঝে কৃষি উপকরণ (বীজ, সার ইত্যাদি) বিতরণ করবে।
৩. মৎস্য	১. মৎস্য উৎপাদন কাঙ্ক্ষিত পরিমাণে না হওয়া	সমগ্র উপজেলা	মৎস্যজীবি ৮৭৮ জন ও ২১ টি উন্মুক্ত জলাশয় - ১৬৬০ মে.টি. মৎস্য ঘাটতি	১) উন্মুক্ত জলাশয়ে মাছের পরিমাণ কমে যাওয়া ২) মৎস্যচাষীদের আধুনিক প্রযুক্তি বিষয়ক প্রয়োজনীয় জ্ঞান ও উপকরণ না থাকা	ক) মৎস্য অফিস ১০ টি উন্মুক্ত জলাশয়ে পোনা অবমুক্তকরণ ও মাছের অভয়ারণ্য গড়ে তুলবে খ) ৫০০ জন মৎস্যচাষির মাঝে মৎস্যচাষ প্রযুক্তি সেবা ও প্রশিক্ষণ প্রদান করবে।	ক) ১১ টি উন্মুক্ত জলাশয় বাকী থাকবে। খ) ৩৭৮ জন মৎস্যচাষি মৎস্যচাষ প্রযুক্তি সেবা ও প্রশিক্ষণ থেকে বঞ্চিত থাকবে।	ক) উপজেলা পরিষদ ২ টি উন্মুক্ত জলাশয়ে পোনা অবমুক্তকরণ ও মাছের অভয়ারণ্য গড়ে তুলবে খ) ১০০ জন মৎস্যচাষীর মাঝে মৎস্যচাষ প্রযুক্তি সেবা ও প্রশিক্ষণ প্রদান করবে।
৪. প্রাণিসম্পদ	১. গবাদি পশু-পাখির উৎপাদন কম হওয়া	সমগ্র উপজেলা	গবাদিপশু - ৯৮৩৪২ টি - ৭৮৫ টি খামার দুধ উৎপাদন ঘাটতি – ১৫.৭৭৫ মে.টি	১. গবাদি পশুর জন্য প্রয়োজনীয় টিকা প্রদান না করা। ২. খামার পরিচালনায় খামারিদের প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা না থাকা	ক) প্রাণিসম্পদ অফিস প্রতিবছর ৬০,০০০ গবাদিপশুকে বিভিন্ন রোগের টিকা প্রদান করবে। খ) প্রাণিসম্পদ অফিস ৫০০ জনকে খামার পরিচালনায়	ক) প্রতিবছর ৩৮,৩৪২ টি গবাদিপশু রোগের টিকা থেকে বঞ্চিত থাকবে। খ) ২৮০ জন খামার পরিচালনায়	ক) উপজেলা পরিষদ প্রতিবছর ৫০,০০০ গবাদিপশুকে বিভিন্ন রোগের টিকা প্রদান করবে।

					প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা বিষয়ক প্রশিক্ষন ও প্রদর্শনী খামার স্থাপন করবে।	প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা বিষয়ক প্রশিক্ষন থেকে বঞ্চিত থাকবে।	খ) উপজেলা ২০০ জনকে খামার পরিচালনার প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা বিষয়ক প্রশিক্ষন ও প্রদর্শনী খামার স্থাপন করবে।
৫. প্রাথমিক শিক্ষা	১. ছাত্র-ছাত্রীদের পাঠদান ব্যহত হচ্ছে ও বিদ্যালয়ে যেতে আগ্রহী হচ্ছে না	সমগ্র উপজেলা	- ৫০ টি প্রাথমিক বিদ্যালয় ও ছাত্র-ছাত্রী ১২,০০০ জন	১) ৩০ টি বিদ্যালয়ে শ্রেণীকক্ষ ও অন্যান্য অবকাঠামোগত সমস্যা বিদ্যমান ২) ৫০ টি প্রাথমিক বিদ্যালয়ে চেয়ার-টেবিল ও পর্যাপ্ত ক্রীড়া সামগ্রীর অভাব	ক) এলজিইডি ২০ টি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণিকক্ষ সংস্কার/ প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ ও জনস্বাস্থ্য অফিস ব্লকওয়াল স্থাপন করবে। খ) কোনো উদ্যোগ নেই	ক) ৯০ টি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণিকক্ষ/ প্রয়োজনীয় অবকাঠামো সমস্যা বিদ্যমান থাকবে। খ) ৫০ টি বিদ্যালয়ে চেয়ার-টেবিল ও ক্রীড়া সামগ্রীর অভাব বিদ্যমান থাকবে	ক) ১৪ টি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণিকক্ষ সংস্কার/ প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করবে। খ) উপজেলা পরিষদ ৫০ টি বিদ্যালয়ে চেয়ার-টেবিল ও ক্রীড়া সামগ্রী সরবরাহ করবে।
৬. মাধ্যমিক শিক্ষা	১. ছাত্র-ছাত্রীরা বিদ্যালয়ে যেতে আগ্রহী হচ্ছে না	সমগ্র উপজেলা	- ১৫ টি মাধ্যমিক ও বিদ্যালয় ও ছাত্র-ছাত্রী ৩০০০ জন ও শিক্ষক ৭০০ জন	১) ছাত্র-ছাত্রীরা পাঠদান পদ্ধতি উপভোগ করছে না। ২) ২০ টি বিদ্যালয়ে শ্রেণীকক্ষ ও অন্যান্য অবকাঠামোগত সমস্যা বিদ্যমান ৩) বিদ্যালয়ে আসবাবপত্র ও পর্যাপ্ত ক্রীড়া সামগ্রীর অভাব ৪) ছাত্রীদের যাতায়াতে জনবাহনের অসুবিধা	ক) মাধ্যমিক শিক্ষা অফিস ২০০ জন শিক্ষককে পাঠদান পদ্ধতি আনন্দময় করে তোলার বিষয়ে প্রশিক্ষন দিবেন। খ) শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ১০ টি মাধ্যমিক বিদ্যালয়ে শ্রেনিকক্ষ সংস্কার/ প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করবে। গ) কোনো উদ্যোগ নেই ঘ) কোনো উদ্যোগ নেই	ক) ৩০০ জন শিক্ষক প্রশিক্ষন পাওয়া থেকে বাদ পড়বেন গ) ৫ টি মাধ্যমিক বিদ্যালয়ে শ্রেনিকক্ষ/ প্রয়োজনীয় অবকাঠামো সমস্যা বিদ্যমান থাকবে। গ) ১৫ টি মাধ্যমিক বিদ্যালয়ে আসবাবপত্র ও ক্রীড়া সামগ্রীর অভাব বিদ্যমান থাকবে	ক) উপজেলা পরিষদ ৭০ জন শিক্ষককে প্রশিক্ষন প্রদান করবে। খ) কোন উদ্যোগ নেই গ) উপজেলা পরিষদ ১৫ টি মাধ্যমিক বিদ্যালয়ে আসবাবপত্র ও ক্রীড়া সামগ্রী সরবরাহ করবে। ঘ) উপজেলা পরিষদ ১০০ জন ছাত্রীকে

							সাইকেল সরবরাহ করবে।
৭. যুব উন্নয়ন	১. কর্মক্ষম যুবকদের পর্যাপ্ত সংখ্যক কর্মসংস্থান না থাকা	সমগ্র উপজেলা	- ১০০০০ বেকার যুবক	ক) আয়বর্ধনমূলক কারিগরী প্রশিক্ষণ না জানা	ক) উপজেলা যুব উন্নয়ন অফিস ২০০০ জন বেকার যুবকদের আয়বর্ধনমূলক কারিগরী প্রশিক্ষণ প্রদান করবে।	ক) ৮০০০ জন বেকার যুবক আয়বর্ধনমূলক কারিগরী প্রশিক্ষণ থেকে বাদ পড়বে	ক) উপজেলা পরিষদ ১০০ জন বেকার যুবককে আয়বর্ধনমূলক কারিগরী প্রশিক্ষণ প্রদান করবে।
৮. মহিলা বিষয়ক	১. কর্মক্ষম নারীদের পর্যাপ্ত আয়ের সুযোগ না থাকা	সমগ্র উপজেলা	- ৮০০০ কর্মক্ষম নারী	ক) আয়বর্ধনমূলক কারিগরী প্রশিক্ষণ না জানা খ) হস্তশিল্প ও কুটির শিল্পের প্রয়োজনীয় উপকরণ কিনতে অসমর্থ হওয়া	ক) উপজেলা মহিলা বিষয়ক অফিস ৩০০০ বেকার নারী ও যুবতীদের আয়বর্ধনমূলক কারিগরী প্রশিক্ষণ প্রদান করবে। খ) কোনো প্রকল্প নেই	ক) ৫০০০ বেকার যুবক-যুবতীদের আয়বর্ধনমূলক কারিগরী প্রশিক্ষণ থেকে বাদ পড়বে খ) ২০০০ জন নারী ব্যবসার প্রাথমিক মূলধন/ উপকরণ কিনতে অসমর্থ	ক) উপজেলা পরিষদ ১০০ জন কর্মক্ষম নারীকে আয়বর্ধনমূলক কারিগরী প্রশিক্ষণ প্রদান করবে। খ) ১২০ জন দুস্থ মহিলার মাঝে সেলাইমেশিন বিতরণ করবে।
৯. স্বাস্থ্য ও পরিবারকল্যাণ	১. সরকারী স্বাস্থ্যসেবা নেয়ার জন্য রোগীদের আগ্রহ কমে যাওয়া	সমগ্র উপজেলা	- ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স ৭ টি - কমিউনিটি ক্লিনিক ২১ টি	ক) স্বাস্থ্যকেন্দ্রগুলোতে আসবাবপত্র ও প্রয়োজনীয় অবকাঠামোগত সমস্যা বিদ্যমান খ) স্বাস্থ্য সম্পর্কিত তথ্য সম্পর্কে অসচেতনতা	ক) স্বাস্থ্য প্রকৌশল অফিস ৭ টি ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্সে প্রয়োজনীয় আসবাবপত্র ও অবকাঠামোগত উন্নয়ন করবে। খ) এনজিওগুলো স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা বিষয়ে সচেতনতা মূলক ক্যাম্পেইন চালাবে।	ক) ২১ টি কমিউনিটি ক্লিনিকে আসবাবপত্র ও প্রয়োজনীয় অবকাঠামোগত সমস্যা বিদ্যমান থাকবে	ক) উপজেলা পরিষদ ২ টি কমিউনিটি ক্লিনিকে প্রয়োজনীয় আসবাবপত্র ও সরঞ্জামাদি সরবরাহ করবে। খ) উপজেলা পরিষদ স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা বিষয়ে সচেতনতা মূলক ক্যাম্পেইন চালাবে।
১০. জনস্বাস্থ্য	১) জনগণ সুপেয় পানি পেতে সমস্যার সম্মুখীন হচ্ছে	সমগ্র উপজেলা	- ২০০০ টি দুস্থ পরিবার (১৫০০ টি নলকূপ)	১) দুস্থ মানুষদের নলকূপ স্থাপনের সামর্থ না থাকা	ডিপিএইচই নতুন ৫০০ টি নলকূপ স্থাপন করবে।	১০০০ টি নলকূপ স্থাপন করা বাকী থাকবে	ক) উপজেলা পরিষদ ৮০ টি নতুন নলকূপ স্থাপন করবে।
১১. সমাজসেবা	১.	সমগ্র	৮০০ জন	১. প্রতিবন্ধীদের	সমাজসেবা অফিস	৫৫০ জন	ক) উপজেলা

	প্রতিবন্ধীদের নির্ভরশীলতা বৃদ্ধি পাওয়া	উপজেলা	প্রতিবন্ধী	সহায়ক উপকরণ কেনার সামর্থ না থাকা	২৫০ জনকে প্রতিবন্ধীদের সহায়ক উপকরণ বিতরণ করবে	প্রতিবন্ধী সহায়ক উপকরণ থেকে বঞ্চিত থাকবেন।	পরিবহন ৫০ জন প্রতিবন্ধীকে সহায়ক উপকরণ (হুইল চেয়ার, হিয়ারিং এইড) বিতরণ করবে।
১২. বন ও পরিবেশ	আবহাওয়া ও জলবায়ুর পরিবর্তনের কারনে জনগনের	সমগ্র উপজেলা	- ১৭% বনভূমি	ক) সামাজিক বনায়নের আওতায় বৃক্ষরোপণ কম হওয়া	ক) উপজেলা বন বিভাগ প্রতিবছর ২০,০০০ গাছের চারা রোপণ করবে।	জাতীয় পর্যায়ের লক্ষমাত্রা থেকে ০% বনভূমি কম থাকবে	ক) কোনো উদ্যোগ নেই
১৩. সমবায়	সমবায়ীদের প্রয়োজন পরিমান আয় না হওয়া	সমগ্র উপজেলা	৪০৪২ জন সমবায়ী	ক) যুগোপযোগী আয়ের উপযোগী দক্ষতামূলক প্রশিক্ষণ না থাকা	ক) উপজেলা সমবায় বিভাগ ২২০০ জন সমবায়ীকে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান করবে	১৫৯২ জন সমবায়ী প্রশিক্ষণ পাওয়া থেকে বাদ পড়বে।	ক) উপজেলা পরিষদ ৫০ জন সমবায়ীকে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান করবে
১৪. পল্লী উন্নয়ন	পল্লী জনগনের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ধীরে হওয়া	সমগ্র উপজেলা	পল্লী সমবায় সমিতির ৪৫০৯ জন সদস্য	ক) সচেতনতামূলক কার্যক্রম কম হওয়া খ) উৎপাদনমুখী ও আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে গ্রামীণ জনগনের অংশগ্রহণ কম হওয়া	ক) উপজেলা পল্লী উন্নয়ন অফিস ২৫০০ জন সদস্যদের মাঝে নারী নির্যাতন রোধ এবং যৌতুক প্রথা নির্মূলে সচেতনতা, বয়স্ক শিক্ষা স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা, বৃক্ষরোপন ও স্যানিটেশন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করে পরামর্শ ও সহযোগিতা চালাবে	২০০০ জন সদস্য সচেতনতামূলক কার্যক্রম থেকে বাদ পড়বে	ক) উপজেলা পরিষদ নারী নির্যাতন রোধ এবং যৌতুক প্রথা নির্মূলে সচেতনতা, বয়স্ক শিক্ষা স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা, বৃক্ষরোপন ও স্যানিটেশন সম্পর্কে ক্যাম্পেইন করবে।

৬.২ উপজেলার এসডব্লিউওটি (SWOT) বিশ্লেষণ

